

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪ ১৫২

আগরতলা, ১১ ডিসেম্বর, ২০২৩

রাজ্য পর্যটনের ব্র্যান্ড অ্যাস্বাসেডর সৌরভ গাঙ্গুলি রাজ্যে এলেন

ব্র্যান্ড অ্যাস্বাসেডর সৌরভ গাঙ্গুলির হাত ধরে পর্যটন শিল্প বিকশিত হবে : পর্যটনমন্ত্রী

রাজ্য পর্যটন শিল্পের বিকাশের অনেক সম্ভাবনা রয়েছে। ভারতের প্রাক্তন ক্রিকেট অধিনায়ক তথা পর্যটনের ত্রিপুরার ব্র্যান্ড অ্যাস্বাসেডর সৌরভ গাঙ্গুলির হাত ধরে রাজ্য পর্যটন শিল্প আরও বিকশিত হবে। আজ সন্ধ্যায় উজ্জ্যল প্রাসাদে এক্সচেঞ্জ অব এগ্রিমেন্ট অনুষ্ঠানে পর্যটনে ত্রিপুরার ব্র্যান্ড অ্যাস্বাসেডর সৌরভ গাঙ্গুলিকে স্বাগত জানিয়ে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। তিনি ত্রিপুরার পর্যটনের সঙ্গে ভারতের প্রাক্তন ক্রিকেট অধিনায়কের পথচলা মসৃণ হবে বলে আশা প্রকাশ করেন। পর্যটনমন্ত্রী বলেন, সৌরভ গাঙ্গুলি আমাদের দেশের গর্ব। কয়েকমাস আগে তাকে পর্যটনের ত্রিপুরার ব্র্যান্ড অ্যাস্বাসেডর করার প্রস্তাব দেওয়ার সাথে সাথেই তিনি তা গ্রহণ করেন। পর্যটনমন্ত্রী শ্রীচৌধুরী জানান, আগামীকাল থেকেই প্রাক্তন ভারত অধিনায়ক গোটা বিশ্বের সামনে ত্রিপুরার পর্যটনকে তুলে ধরার কাজ শুরু করবেন। এই কাজ অত্যন্ত সফলভাবে এগিয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

এদিন সন্ধ্যায় উজ্জ্যল প্রাসাদে এক সাংবাদিক সম্মেলনে সৌরভ গাঙ্গুলি ত্রিপুরা সরকার তাকে ব্র্যান্ড অ্যাস্বাসেডর হিসেবে মনোনীত করায় সন্তোষ ব্যক্ত করেন। এখানে আসার অনুভূতি ব্যক্ত করতে গিয়ে তিনি বলেন, ১৯৮৮ সালে তিনি প্রথম ত্রিপুরায় খেলতে এসেছিলেন। ৩৫ বছর পর এই রাজ্যেরই পর্যটনের ব্র্যান্ড অ্যাস্বাসেডর হয়ে আসা একটা বিরাট ব্যাপার। তিনি এই দায়িত্ব পাওয়ার জন্য মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা ও পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরীকে ধন্যবাদ জানিয়ে বলেন, এই রাজ্যের পর্যটনকে দেশ ও বিশ্বের সামনে তুলে ধরার জন্য তিনি যথাযথ চেষ্টা করবেন। সাংবাদিক সম্মেলনে আগরতলাকে খুবই সুন্দর শহর হিসেবে অভিহিত করে তিনি বলেন, এত সুন্দর রাজবাড়ি দেখে খুবই ভালো লাগছে। এখানকার সৌন্দর্য, ঐতিহ্য, সবাইকে আকৃষ্ণ করবে। তিনি বলেন, উত্তর পূর্বাঞ্চল ভারতের গর্ব। এখানে অনেক ট্যালেন্ট লুকিয়ে রয়েছে। পর্যটনের পাশাপাশি ত্রিপুরার ক্রিকেটের উন্নয়নের জন্য তার সাহায্য চাইলে তিনি যথাসাধ্য তা করার চেষ্টা করবেন বলে জানান। প্রাক্তন ভারত অধিনায়ক বলেন, ভারতে ক্রিকেট একটি ইমোশন। ক্রিকেটের ক্ষেত্রেও ছোট পার্বত্য রাজ্য ত্রিপুরা অনেক উন্নতি করেছে। ভবিষ্যতে এই রাজ্যও বড় মাপের ক্রিকেট আসরের আয়োজন হবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি বলেন, পার্শ্ববর্তী গুয়াহাটীতে আন্তর্জাতিক ম্যাচ হলে এখানে হবে না কেন? এজন্য নিমীয়মান ক্রিকেট স্টেডিয়ামটির নির্মাণ কাজ সম্পূর্ণ করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। তার ক্রিকেট অভিজ্ঞতা ত্রিপুরার ক্রিকেটে কাজে লাগাতে পারলে তিনি খুশি হবেন বলেও জানান। ত্রিপুরার পর্যটনের ব্র্যান্ড অ্যাস্বাসেডর সৌরভ গাঙ্গুলি বলেন, বাংলার সঙ্গে ত্রিপুরার অনেক মিল রয়েছে। বিশেষ করে ভাষা ও সংস্কৃতি প্রায় এক। স্বাভাবিকভাবেই এই রাজ্যের সঙ্গে কাজ করার আনন্দই আলাদা।

উজ্জ্যল প্রাসাদে এদিন আগরতলা পুরনিগমের পক্ষ থেকে পুরনিগমের মেয়র দীপক মজুমদার এবং ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের সভাপতি তপন লোধ তাকে সংবর্ধনা জানান। অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী ও ব্র্যান্ড অ্যাস্বাসেডর সৌরভ গাঙ্গুলির মধ্যে এক্সচেঞ্জ অব এগ্রিমেন্ট হয়। অনুষ্ঠানে পর্যটন দপ্তরের সচিব ইউ কে চাকমা, পর্যটন দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস প্রমুখ উপস্থিত ছিলেন।
